দৈনিক
ইত্তেফাক

তারিখ 19 DEC 2017
পৃষ্ঠা ... কলাম ...



# সরকারকে বিপদে ফেলতে পাবলিক পরীক্ষায় প্রশ্ন ফাঁস

------------শিক্ষামন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

সরকারকে বিপদে ফেলতে পাবলিক পরীক্ষার দিন সকালে শিক্ষকরা প্রশ্ন পেয়েই ফেসবুকসহ বিভিন্ন গণমাধ্যমে তা ফাঁস করে দিচ্ছেন বলে অভিযোগ করেছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। পৃষ্ঠা ১৯ কলাম ১

## সরকারকে বিপদে

প্রথম পৃষ্ঠার পর

তিনি বলেন, প্রশ্ন ফাঁস যুগ যুগ ধরে হচ্ছে। আমরা নানা প্রচেষ্টায় প্রশ্ন ফাঁস কমিয়ে এনেছি। আগে প্রশ্ন ছাপানোর ছাপাখানা বিজি প্রেস ছিল প্রশ্ন ফাঁসের আখড়া। আমরা নানাভাবে সেখানে প্রশ্ন ফাঁস বন্ধ করেছি। এ কারণে আগের চেয়ে এখন প্রশ্ন ফাঁস কমে গেছে।

শিক্ষামন্ত্রী গতকাল সোমবার রাজধানীর মাতুয়াইলে বিনামূল্যের পাঠ্যপুস্তকের বিভিন্ন ছাপাখানা পরিদর্শন শেষে সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে একথা বলেন।

শিক্ষামন্ত্রী আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৮ শিক্ষা বর্ষে বিভিন্ন শ্রেণির শিক্ষার্থীর মাঝে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম আগামী ৩০ ডিসেম্বর আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করবেন। আগামী পয়লা জানুয়ারি ঢাকার আজিমপুর গভর্নমেন্ট গার্লস স্কুল এন্ড কলেজ প্রাঙ্গণে বই উৎসবের মাধ্যমে বই বিতরণ করা হবে। একই দিন সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার্থীদের হাতে বই তুলে দেওয়া হবে।